মুজিবনগরে দোকান বরাদ্দের টাকা ফেরতের দাবিতে মানববন্ধন

সিকিউরিটির টাকা ফেরৎ পেতে মুজিবনগর উপজেলা পরিষদের সামনে মানববন্ধন কর্মসূচী পালন করেছেন কেদারগঞ্জ বাজারের ব্যবসায়ীরা।

আজ বৃহস্পতিবার বেলা ১১ টারর সময় এ মানববন্ধন করেন তারা।

মানববন্ধনে উপস্থিত ছিলেন হার্ডওয়ার ব্যবসায়ী শহিদুল ইসলাম, আনারুল ইসলাম, ফারুক মল্লিক, মুদি ব্যবসায়ী শাহীন আলী, তুহিন আলীসহ বাজারের বিভিন্ন মানুষ মানববন্ধনে অংশ নেন।

উল্লেখ্য, মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে কেদারগঞ্জ বাজারে মার্কেট তৈরীর ঘোষণা দেই মেহেরপুর জেলা পরিষদ। জেলা পরিষদকে সিকিউরিটির নাম করে কেদারগঞ্জ বাজার ব্যবসায়ী কমিটির সভাপতি কুতুব উদ্দিন মল্লিক কেদারগঞ্জ বাজারের ২২ জন ব্যবসায়ীর কাছ থেকে জন প্রতি ৩ ও ৪ লাখ টাকা পর্যন্ত সিকিউরিটির টাকা নেন। কিন্তু ব্যবসায়ীদের সেই টাকা জেলা পরিষদে জমা না দিয়ে আত্মসাৎ করেছেন বলে ব্যবসায়ীরা অভিযোগ করেন।ব্যবসায়ীরা তাদের সেই সিকিউরিটির টাকা ফেরত পেতে এর আগে কুতুব উদ্দীনের বিরুদ্ধে নানা ধরণের কর্মসূচী পালন করেন।

মানববন্ধন শেষে তারা মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসারের নিকট স্বারকলিপি প্রদান করেন।

দর্শনার আকন্দবাড়ীয়ায় ২টি গরু চুরি

দর্শনা আকন্দবাড়িয়া গ্রাম থেকে ২টি গরু চুরির ঘটনা ঘটেছে। গত মঙ্গলবার দিনগত রাতে এ চুরির ঘটনা ঘটে। এ ঘটনায় দর্শনা থানা পুলিশে একটি চুরির অভিযোগ করা হয়েছে।

জানাগেছে, চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের দর্শনা থানাধীন আকন্দবাড়িয়া স্কুলপাড়ার পাখিভ্যান চালক রমজান আলীর বাড়ি গত মঙ্গলবার দিবাগত রাতে চোরেরা হানা দেয়। এসময় চোরেরা রমজান আলীর গোয়াল ঘরে থাকা ২টি বকন গরু চুরি করে নিয়ে যায়।

অনেক খোঁজাখুজির একপর্যায় গরু দুটি’র সন্ধান না পেয়ে দর্শনা থানায় একটি লিখিত অভিযোগ করেছে গরুর মালিক রমজান আলী।

ঝিনাইদহের দুই ইউনিয়নে আ’লীগ প্রার্থীর ভরাডুবি

ঝিনাইদহ সদর উপজেলার ২টি ইউনিয়ন পরিষদের নির্বাচনে আওয়ামী লীগ প্রার্থীদের ভরাডুবি হয়েছে। বিজয়ী হয়েছেন স্বতন্ত্র প্রার্থীরা।

প্রাপ্ত ফলাফলে জানা যায় সদর উপজেলার পাগলা কানাই ইউনিয়নে স্বতন্ত্র প্রার্থী আবু সাইদ বিশ্বাস মোটর সাইকেল প্রতিক নিয়ে ৭০১৪ ভোট পেয়ে বেসরকারী ভাবে বিজয়ী হয়েছেন।

তার নিকটতম প্রতিদ্বন্দ্বী আওয়ামী লীগের আতাউর রহমান আতা নৌকা প্রতিক নিয়ে পেয়েছেন ৩৯০৬ ভোট। অন্যদিকে সুরাট ইউনিয়ন পরিষদের নির্বাচনে স্বতন্ত্র প্রার্থী মোঃ আশরাফ হোসেন আনারস প্রতিক নিয়ে ৪০৭৩ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন, তার নিকটতম প্রতিদ্বন্দ্বী নৌকা প্রতিকের কবির হোসেন কেবি জোয়ারদার পেয়েছেন ৩৯০৪ ভোট।

তথ্য নিয়ে জানা গেছে, সীমানা জটিলতার কারণে আদালতে মামলা থাকায় এই দুটি ইউনিয়নে প্রথম মেয়াদ পার হওয়ার পর ৫ বছরের বেশি সময় ভোট গ্রহন স্থগিত ছিল।

যে কারনে ইউনিয়ন দুটিতে প্রায় একযুগ পর ভোট গড়্রহন অনুষ্ঠিত হয়। বুধবার সকাল ৮টা থেকে বিকাল ৪টা পর্যন্ত বিরতিহীন ভাবে ইভিএমএর মাধ্যমে এই দুটি ইউনিয়নের ১৯টি কেন্দ্রে ভোট গ্রহন অনুষ্ঠিত হয়।

ভোট কেন্দ্র পরিদর্শণ কালে জেলা প্রশাসক মনিরা বেগম বলেন, ঝিনাইদহের দুটি ইউনিয়নে ভোটাররা অবাধ ও শান্তিপূর্ন ভাবে

ভোটাধিকার প্রয়োগ করছেন। কোথাও কোন অপ্রীতিকর সংবাদ আমরা পায়নি।

ঝিনাইদহের পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম পিপিএম বলেন, কোথাও কোন ধরণের অভিযোগ ছাড়াই ভোটাররা তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পেরেছেন। ভোট অবাধ ও শান্তি পূর্ণ পরিবেশে ভোট গ্রহন সম্পন্ন হয়েছে।

মেহেরপুর সদর উপজেলা ভাইস চেয়ারম্যান পদে উপ-নির্বাচন ২৭ জুলাই

মেহেরপুর সদর উপজেলা ভাইস চেয়ারম্যান পদে উপ-নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়েছে। আগামী ২৭ জুলাই নির্বাচন অনুষ্ঠিত হবে।

আজ বুধবার জেলা নির্বাচন কর্মকর্তা ও রিটার্নিং কর্মকর্তা মো: আবু আনছার এ তফসিল ঘোষণা করেন। তফসিলে ২৮ জুন মনোনয়নপত্র জমা, ৩০ জুন মনোনয়ন বাছাই, ৭ জুলাই প্রার্থীতা প্রত্যাহারের শেষ দিন নির্ধারণ করা হয়েছে।

প্রসঙ্গত, মেহেরপুর সদর উপজেলা ভাইস চেয়ারম্যান মোমিনুল ইসলাম ইউনিয়ন পরিষদ নির্বাচনে অংশ নেওয়ার লক্ষ্যে পদত্যাগ করলে পদটি শুন্য হয়। শুন্যপদের জন্য উপনির্বাচনের তফসিল ঘোষণা হয়।

নবনির্বাচিত মেয়র রিটনকে

পরিবেশক সমিতির পক্ষ থেকে অভিনন্দন

মাহফুজুর রহমান রিটন দ্বিতীয়বার মেহেরপুর পৌরসভার মেয়র নির্বাচিত হওয়ায় মেহেরপুর পরিবেশক সমিতির পক্ষ থেকে অভিনন্ন জানিয়েছেন।

নির্বাচনী ফলাফল ঘোষণা হওয়ার পর পরই জেলা পরিবেশক সমিতির পক্ষ তাকে রিটনের নির্বাচনী কার্যালয়ে এসে তাকে অভিনন্দন জানান তারা।

পরিবেশক সমিতির প্রধান উপদেষ্টা জেলা পরিষদের প্রশাসক আলহাজ্ব গোলাম রসুল, উপদেষ্টা পরিষদের সদ্য গোলাম মোস্তফা, সভাপতি হাসেম আলী, সহসভাপতি আকবর আলী বিশ্বাস, সাংগাঠনিক সম্পাদক আব্দুর রাজ্জাক, নির্বাহী সদস্য সোমেল রানা, সাদরুল ইসলাম নাহিদসহ সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

পরিবেশক সমিতির নেতৃবৃন্দ তাকে ফুলের মালা দিয়ে অভিনন্দন জানান।

উল্লেখ্য, নবনির্বাচিত মেয়র মাহফুজুর রহমান রিটন মেহেরপুর জেলা পরিবেশক সমিতির সাধারণ সম্পাদক।

নবগঠিত শ্যামপুর ইউনিয়নের প্রথম চেয়ারম্যান মতিয়ার রহমান

মেহেরপুর সদর উপজেলার নবগঠিত শ্যামপুর ইউনিয়ন পরিষদের প্রথম চেয়ারম্যান মতিউর রহমান। তিনি স্বেচ্ছাসেবকলীগ নেতা।

ভোট গণনা শেষে একটি বিশস্থ সূএ থেকে বেসরকারীভাবে এ ফলাফল পাওয়া গেছে।

নবগঠিত শ্যামপুর ইউনিয়নে মোট ভোটার ১৭ হাজার ৩৫৮ জন। ইউনিয়নের ৯ টি ভোট কেন্দ্রে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়।

ইউনিয়নে ৭ জন চেয়ারম্যান প্রার্থী, সাধারণ সদস্য পদে ৪৫ ও সংরক্ষিত নারী সদস্য পদে ১২ জন প্রার্থী প্রতিদ্ব›দ্বীতা করেন।

দ্বিতীয়বারের মত মেয়র নির্বাচিত হলেন মাহফুজুর রহমান রিটন

মেহেরপুর পৌরসভা নির্বাচনে দ্বিতীয় বারের মত বেসরকারীভাবে মেয়র নির্বাচিত হলেন আওয়ামীলীগ মনোনী প্রার্থী মাহফিজুর রহমান রিটন।

ভোট গণনা শেষে মেহেরপুর পৌরসভা নির্বাচনের সহকারী রিটার্নিং অফিসার মেহেদী হাসান এ ফলাফল ঘোষণা করেন।

মেহেরপুর পৌর সভায় মোট ভোটার ৩৫ হাজার ২০২ জন। পৌরসভার ২০ টি ভোট কেন্দ্রে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়।
পৌরসভায় সাধারণ সদস্য পদে ৪৩ ও সংরক্ষিত নারী সদস্য পদে ১৫ জন প্রার্থী প্রতিদ্ব›দ্বীতা করেন।
বিস্তারিত আসছে—-

পিরোজপুর ইউনিয়নে বাবলু বিশ্বাস আবারো চেয়ারম্যান

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়ন পরিষদ নির্বাচনে বেসরকারীভাবে আবারো চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন আওয়ামীলীগ মনোনী প্রার্থী আব্দুস সামাদ বাবলু বিশ্বাস। একটি বিশস্থ সূত্রে বেসরকারীভাবে এ ফলাফল পাওয়া গেছে।

পিরোজপুর ইউনিয়নে মোট ভোটার ১৯ হাজার ২৩৭ জন। ইউনিয়নের ১০ টি ভোট কেন্দ্রে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়।

ইউনিয়নে ৩ জন চেয়ারম্যান প্রার্থী, সাধারণ সদস্য পদে ৩৫ ও সংরক্ষিত নারী সদস্য পদে ১৪ জন প্রার্থী প্রতিদ্ব›দ্বীতা করেন।

নবগঠিত বারাদী ইউনিয়নের প্রথম চেয়ারম্যান মোমিনুল ইসলাম

মেহেরপুর সদর উপজেলার নবগঠিত বারাদী ইউনিয়ন পরিষদ নির্বাচনে বেসরকারীভাবে চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন আওয়ামীলীগ মনোনীত প্রার্থী মোমিনুল ইসলাম।

তিনি সদর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও সদর উপজেলা পরিষদের ভাইসটেয়ারম্যান ছিলেন।

নবগঠিত বারাদী ইউনিয়নে মোট ভোটার ১৯ হাজার ৪২৮ জন। ইউনিয়নের ৯ টি ভোট কেন্দ্রে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়।
ইউনিয়নে ৬ জন চেয়ারম্যান প্রার্থী, সাধারণ সদস্য পদে ৪৩ ও সংরক্ষিত নারী সদস্য পদে ১৩ জন প্রার্থী প্রতিদ্ব›দ্বীতা করেন।

আমঝুপি ইউনিয়নে হ্যাট্রিক চেয়ারম্যান বোরহান উদ্দীন আহম্মেদ চুন্নু

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়ন পরিষদ নির্বাচনে বেসরকারীভাবে চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন আওয়ামীলীগ মনোনী

প্রার্থী বোরহান উদ্দীন আহম্মেদ চুন্নু ।

তিনি পেয়েছেন ৮ হাজার ৫২ ভোট। তার নিকটতম প্রতিদ্বদ্বী স্বতন্ত্র প্রার্থী শফিকুল ইসলাম (ঘোড়া মার্কা)পেয়েছেন ৭ হাজার ৪৬৫ ভোট। এছাড়া আন্তজার্তিক সুপার মডেল আসিফ আজিম (আনারস প্রতীকে) পেয়েছেন ৩ হাজার ৯৩৪ ভোট।

একটি বিসস্থ সূত্রে থেকে এ ফলাফল পাওয়া গেছে।

আমঝুপি ইউনিয়নে মোট ভোটার ২৮ হাজার ৭৪৩ জন। ইউনিয়নের ১৫ টি ভোট কেন্দ্রে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়।
বোরহান উদ্দীন আহম্মেদ চুন্নু সদর উপজেলা আওয়ামীলীগের সভাপতি। এর আগে তিনি দুবার চেয়ারম্যান নির্বাচিত হয়েছিলেন।